

## যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ৪৮৭

১/ বিবিধ

আরবী

ما على أحدكم إذا أراد أن يتصدق لله صدقة تطوعا أن يجعلها عن والديه إذا كانا مسلمين فيكون لوالديه أجرها وله مثل أجورهما بعد أن لا ينقص من أجورهما شيء  
ضعيف

رواه ابن سمعون الواعظ في " الأمالي " ( 1 / 54 / 1 ) ومحمد بن سليمان الربيعي في " جزء من حديثه " ( 2 / 212 ) وابن عساكر في " حديث أبو الفتوح عبد الخلاق (ورقة 1 / 236 من مجموع الظاهر 92) من طريق عبد الحميد ابن حبيب، أنبأنا الأوزاعي عن عمرو بن شعيب عن أبيه عن جده مرفوعا  
وهذا إسناد ضعيف، عبد الحميد بن حبيب هو كاتب الأوزاعي، قال البخاري وغيره: ليس بالقوي، ورواه ابن مخلد في " المنتقى من أحاديثه " ( 2 / 88 / 1 - 2 ) عن عباد بن كثير عن عمرو بن شعيب به، وعباد هذا متهم فلا قيمة لمتابعته وقال الحافظ العراقي في " تخريج الإحياء " ( 2 / 193 )  
رواه الطبراني في الأوسط بسند ضعيف دون قوله: إذا كانا مسلمين وذكر الهيثمي ( 3 / 139 ) أن في سند الطبراني خارجة بن مصعب الضبي، قال وهو ضعيف

বাংলা

৪৮৭। তোমাদের কেউ যখন তার মুসলিম পিতা মাতার পক্ষ হতে আল্লাহর উদ্দেশ্যে নফল সাদাকা করার ইচ্ছা

করে, তখন তার সাওয়াবটা তার পিতা মাতার জন্য হয়ে যায় এবং তার জন্য তাদের দু'জনের সাওয়াবের ন্যায় সাওয়াব হয়। তাদের দু'জনের সাওয়াবে কোন প্রকার কমতি না করেই।

হাদীসটি দুর্বল।

এটি ইবনু সামাউন ওয়ায়েয “আল-আমলী” গ্রন্থে (১/৫৪/১), মুহাম্মাদ সুলায়মান রাবাঈ তার “হাদীস” গ্রন্থে (২/২১২) এবং ইবনু আসাকির “হাদীসু আবিল ফতূহি আব্দিল খালাক” গ্রন্থে (পৃঃ ২৩৬/১/৯২) আব্দুল হামীদ ইবনু হাবীব সূত্রে আওয়াঈ হতে ... বর্ণনা করেছেন।

এ সনদটি দুর্বল। আব্দুল হামীদ তিনি হচ্ছেন আওয়াঈর কাতিব। বুখারী ও অন্যরা তার সম্পর্কে বলেনঃ তিনি শক্তিশালী নন।

হাদীসটি ইবনু মুখাল্লাদ “মুনতাকা মিন আহাদীস” গ্রন্থে (২/৮৮/১-২) আব্বাদ ইবনু কাসীর হতে ... বর্ণনা করেছেন।

এ আব্বাদ মিথ্যার দোষে দোষী। তার এ মুতাবায়াতের কোন মূল্য নেই।

হাফিয ইরাকী “তাখরাজুল ইহইয়া” গ্রন্থে (২/১৯৩) বলেছেনঃ তাবারানী “মুজামুল আওসাত” গ্রন্থে হাদীসটিঃ كنا مسلمين এ অংশটুকু ছাড়া দুর্বল সনদে বর্ণনা করেছেন। হাযসামী তাবারানীর সনদে (৩/১৩৯) উল্লেখ করে বলেছেনঃ তার সনদে খারেজা ইবনু মুসয়াব আয-দব্বী রয়েছে। তিনি দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68072>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন